



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
লাইসেন্সিং শাখা



নম্বর ১৪.৩২.০০০০.৭০২.৪২.০০১.১৯.১১৪৫

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯
০৭ জুন ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: “International Long Distance Telecommunications Services (ILDTS) Policy-2010” এর রুজ নং-১০.১ এবং ১০.২ সংশোধনী প্রসঙ্গে।


সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নম্বর-১৪.০০.০০০০.০১০.২২.০০৩.১৯.১২৫২, তারিখঃ ২৫/০৫/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, “International Long Distance Telecommunications Services (ILDTS) Policy-2010” এর নিম্নলিখিত অনুচ্ছেদ সমূহের সংশোধনী সরকার কর্তৃক অনুমোদন করা হয়েছেঃ

রুজ নং	বিদ্যমান রুজ	সংশোধিত রুজ
১০. লাইসেন্সধারীর যোগ্যতা [Eligibility of Licenses]		

<p>১০.১</p>	<p>IGW, ICX, IIG, NIX, ITC, IP Telephony, IP-TV ও আন্তর্জাতিক VOIP কল টার্মিনেশন লাইসেন্স ইস্যু করা হইবে শুধুমাত্র বাংলাদেশী স্বত্বার অনুকূলে (দেশে বসবাসকারী নাগরিক, অনাবাসী বাংলাদেশী-(এন আর বি), একক মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান, অংশীদারী কারবার এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনে নিবন্ধিত জয়েন্ট স্টক কোম্পানী)। বিদেশী স্বত্বা (নাগরিক, কোম্পানী, সাবসিডিয়ারী কোম্পানী বা হোল্ডিং কোম্পানী) লাইসেন্সধারী স্বত্বার মালিক/ পরিচালক /শেয়ারহোল্ডার/বিনিয়োগকারী/ অংশীদার হইতে পারিবে না। সকল আর্থিক লেনদেন বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সম্পাদিত হইতে হইবে।</p>	<p>IGW, ICX, IIG, NIX, ITC, IP Telephony, IP-TV, আন্তর্জাতিক VOIP কল টার্মিনেশন, সাবমেরিন ক্যাবল, NTTN ও Tower Sharing লাইসেন্স ইস্যু করা হইবেঃ (ক) বাংলাদেশী স্বত্বার অনুকূলে অথবা বিদেশী স্বত্বার অনুকূলে অথবা বিদেশী স্বত্বার সাথে যৌথ উদ্যোগের অনুকূলে। (খ) দেশে বসবাসকারী নাগরিক, অনাবাসী বাংলাদেশী-(এন আর বি), একক মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান, অংশীদারী কারবার এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনে নিবন্ধিত জয়েন্ট স্টক কোম্পানী বাংলাদেশী স্বত্বার অন্তর্ভুক্ত হইবে। (গ) বিদেশি বিনিয়োগের জন্য প্রযোজ্য বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণপূর্বক বাংলাদেশে ব্যবসায়িক কার্যক্রমে লিপ্ত হওয়ার যোগ্য বিদেশি নাগরিক, কোম্পানী, সাবসিডিয়ারী কোম্পানী বা হোল্ডিং কোম্পানী বিদেশী স্বত্বার অন্তর্ভুক্ত হইবে। (ঘ) বাংলাদেশে বিদেশি বিনিয়োগের জন্য প্রযোজ্য বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণপূর্বক বিদেশি নাগরিক, কোম্পানী, সাবসিডিয়ারী কোম্পানী বা হোল্ডিং কোম্পানী বাংলাদেশী কোন স্বত্বায় বিনিয়োগ করিলে তা যৌথ উদ্যোগ বলিয়া গণ্য হইবে। (ঙ) বিদেশী স্বত্বার বা যৌথ উদ্যোগের ক্ষেত্রে বিদেশী অংশীদারের বিনিয়োগ আবশ্যিকভাবে বৈদেশিক মুদ্রার মাধ্যমে হইতে হইবে। (চ) সকল আর্থিক লেনদেন বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সম্পাদিত হইতে হইবে।</p>
<p>১০.২</p>	<p>সাবমেরিন ক্যাবল লাইসেন্স ইস্যু করা হইবে বাংলাদেশী স্বত্বার অনুকূলে অথবা বিদেশী স্বত্বার সাথে যৌথ উদ্যোগের অনুকূলে।</p>	

০২। এই বিজ্ঞপ্তিটি সকলের অবগতির জন্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারী করা হলো।



৭-৬-২০২২

মোঃ নূরনবী

পরিচালক

ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী পরিচালক, আইটি শাখা, বিটিআরসি (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হইল)
- ২) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বিটিআরসি (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল)